Roll No. | | | | | | | |

Series SHC **Code No. 5**

- Please check that this question paper contains 4 printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains 11 questions.
- Please write down the serial number of the question before attempting it.

BENGALI
বাংলা

Time allowed : 3 hours *Maximum Marks : 100*
সময় : 3 ঘন্টা *সর্বমোট অঙ্ক : 100*

SECTION A

1. ধ্বনিতত্ত্বের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে যে কোন ***একটির*** পাঁচটি উদাহরণ সহ সংজ্ঞা লেখ : 5+5

   (ক) অপিনিহিতি

   (খ) স্বরসগঁতি

   (গ) অভিশ্রুতি

2. যে কোন ***দুটি*** অলঙ্কারের উদাহরণ সহ সংজ্ঞা লেখ : 5+5

   (ক) উপমা

   (খ) যমক

   (গ) অনুপ্রাস

   অথবা

   অলঙ্কার নির্ণয় কর (সংজ্ঞা সহ দুটি) :

   (ক) এ ও যে রক্তের মত রাঙা
   দুটি জবাফুল।

   (খ) পাইয়া চরণ তরি তরি ভবে আশ।

(গ) বসুন্ধরা বসিয়া আছেন এলোচুলে
দূরব্যাপী শস্য ক্ষেত্রে জাহ্নবীর কূলে
একখানি রৌদ্রপীত হিরণ্য অঞ্চল
বক্ষে টানি দিয়া ...

(ঘ) অতিবড় বৃদ্ধপতি সিদ্ধিতে নিপুণ।
কোন গুণ নাই তার কপালে আগুন ॥
কুকথায় পঞ্চমুখ কন্ঠভরা বিষ।
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ ॥

(ঙ) আটপণে আধসের কিনিয়াছি চিনি।
অন্যলোকে ভূরা দেয় ভাগ্যে আমি চিনি ॥

3. যে কোন *পাঁচটি* বাগ্‌ধারার অর্থ লেখ এবং একটি করে বাক্য রচনা কর : 10

অন্ধের যষ্টি, অকূলে কূল পাওয়া, গুড়ে বালি, গোবরে পদ্মফুল, উত্তম মধ্যম দেওয়া, ভরাডুবি, সুখের পায়রা, সোনায় সোহাগা, নাচতে না জানলে উঠোন বাঁকা।

SECTION B

4. নিম্নলিখিত অনুচ্ছেদটির সারমর্ম লেখ : 10

বিষয় অনুসারেই রচনার ভাষার সামান্যতা বা উচ্চতা নির্ধারিত হওয়া উচিত। রচনার প্রধান গুণ এবং প্রথম প্রয়োজন সরলতা এবং স্পষ্টতা। যে রচনা সকলেই বুঝিতে পারে এবং পড়িবামাত্র তাহার অর্থ বুঝা যায়, অর্থগৌরব থাকিলে তাহাই সর্বোৎকৃষ্ট রচনা। তাহার পর ভাষার সৌন্দর্য, সরলতা এবং স্পষ্টতার সহিত সৌন্দর্য মিশাইতে হইবে। অনেক রচনার মুখ্য উদ্দেশ্য সৌন্দর্য, সে স্থলে সৌন্দর্যের অনুরোধে শব্দের একটু অসাধারণত্ব সহ্য করিতে হয়। প্রথমে দেখিবে তুমি যাহা বলিতে চাও, কোন ভাষায় তাহা সর্বাপেক্ষা পরিষ্কার রূপে ব্যক্ত হয়। যদি সরল প্রচলিত কথাবার্তার ভাষায় তাহা সর্বাপেক্ষা সুস্পষ্ট ও সুন্দর হয়, তবে কেন উচ্চ ভাষার আশ্রয় লইবে ? টেকচাঁদী বা হুতোমী ভাষায় সকলের অপেক্ষা কার্য সুসিদ্ধ হয়, তবে তাহাই ব্যবহার করিবে। যদি বিদ্যাসাগরের সংস্কৃতবহুল ভাষায় ও ভাবে অধিক স্পষ্টতা ও সৌন্দর্য হয় তবে সামান্য ভাষা ছাড়িয়া সেই ভাষার আশ্রয় লইবে। যদি তাহাতেও কার্যসিদ্ধি না হয়, আরো উপরে উঠিবে, প্রয়োজন হইলে তাহাতে আপত্তি নাই, নিষ্প্রয়োজনেই আপত্তি।

SECTION C

5. একটি ভ্রমণের অভিজ্ঞতার বিবরণ দিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ। 10

অথবা

মায়ের অসুস্থতার সাংবাদ পেয়েও তুমি মায়ের কাছে পৌছতে পারনি বলে দুঃখ প্রকাশ করে মাকে একটি চিঠি লেখ।

SECTION D

6. 'শুভ উৎসব' প্রবন্ধে লেখক আগেকার দিনের উৎসবের সঙ্গে আজকালকার উৎসবের তুলনামূলক আলোচনায় কাকে প্রাধান্য দিয়েছেন এবং কেন দিয়েছেন তা লেখ। 12

অথবা

বঙ্কিমচন্দ্র তাঁর 'বাবু' নামক প্রবন্ধে বাবু শব্দের যে নানা অর্থ প্রকাশ করেছেন, তার পরিচয় দিয়ে এই বাবুদের চারিত্রিক বৈশিষ্ট্য লেখ।

7. প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখ : 8

আজও বিজিত হতভাগ্য আদিম জাতিগণ তেমনই অবহেলিত, অবমানিত, উপেক্ষিত। সভ্যতাদর্পী আর্য্যগণ তাহাদের দিকে কখনও ফিরিয়া চাহে নাই। তাহাদের সভ্যতা বুঝিবার চেষ্টা করে নাই, আজও করে না।

অথবা

গরু চরাইতেছেন কি রকম ! প্রায় চমকিয়া উঠিয়াছিলাম বোধ হয়। এই সমগ্র অঞ্চলের রাজা সাঁওতাল বিদ্রোহের নেতা দোব্রু পান্না বীরবর্দ্দী গরু চরাইতেছেন।

8. শত শত সাম্রাজ্যের ভগ্নশেষ-'পরে ওরা কাজ করে'।
এই পংক্তির আলোয় 'ওরা কাজ করে' কবিতাটির মর্মার্থ লেখ। 10

অথবা

'পাঁওদল' কবিতাটির ভাবার্থ লেখ।

9. প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখ : 5

আমি মর কবি গাহি সেই বেদে বেদুঈনদের গান,
যুগে যুগে যারা করে অকারণ বিপ্লব অভিযান।

অথবা

কূপমন্ডূক অসংযমীর আখ্যা দিয়াছে যারে
তারি তরে ভাই, গান রচে যাই, বন্দনা করি তারে।

10. শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসটি অবলম্বনে অন্নদাদিদির চরিত্র বর্ণনা কর। 10

অথবা

শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসটি অবলম্বনে বিঠৌরা গ্রামের গৌরী তেওয়ারীর মেয়ের সঙ্গে শ্রীকান্তের সাক্ষাতের অভিজ্ঞতা বর্ণনা কর।

11. টীকা লেখ (***একটি***) : 5

(ক) কুমার সাহেব

(খ) পিসীমা

(গ) ইন্দ্রনাথ

(ঘ) নতুনদা